

## প্রিমিয়ার ব্যাংকের ২০তম এজিএম সম্পন্ন



ঢাকা, বাংলাদেশঃ

দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড ২০১৮ সালের ব্যাংকের অর্জিত মুনাফার উপর ১৫.৫০% বোনাস শেয়ার অনুমোদন করেছে। প্রতিষ্ঠানটির ২০ তম বার্ষিক সাধারণ সভায় এই বোনাসের অনুমোদন দেওয়া হয়। আজ ১২ মে, ২০১৯, রোজ রবিবার রাজধানীর বসুন্ধরার আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে এই বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ব্যাংকের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ডাঃ এইচ, বি, এম, ইকবাল, ব্যাংকের ভাইস চেয়ারম্যান মঈন ইকবাল সহ ব্যাংকের পরিচালনা পর্ষদের অন্যান্য সদস্যদের মধ্যে আব্দুস সালাম মুশেদী, এম পি; মোহাম্মদ ইমরান ইকবাল, শফিকুর রহমান, জামাল জি আহমেদ, শাহ মোঃ নাহিয়ান হারুন, স্বতন্ত্র পরিচালক চৌধুরী জাফরউল্লাহ শারফাত, ব্যাংকের উপদেষ্টা মুহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এম রিয়াজুল করিম, এফসিএমএ, এবং সম্মানিত শেয়ার হোল্ডারগন উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তব্যে ডাঃ এইচ, বি, এম, ইকবাল শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বলেন, ব্যাংকের পরিচালন মুনাফা ২০১৮ সালে ৬১০ কোটি টাকায় উন্নীত হয়। পূর্ববর্তী বছরের তুলনায় মুনাফা প্রবৃদ্ধির হার ৪০ শতাংশ।

ব্যাংকের চেয়ারম্যান ডাঃ ইকবাল ব্যাংকের সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং পরিচালনার ক্ষেত্রে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সর্বাঙ্গিক প্রচেষ্টা এবং বোর্ড সদস্যদের অকুণ্ঠ ও দৃঢ় সমর্থনের প্রশংসা করেন।

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এম রিয়াজুল করিম, এফসিএমএ, ব্যাংকের কর্মকর্তা ও শেয়ারহোল্ডারদের ব্যাংকের প্রতি তাঁদের সুদীর্ঘ ও সুদৃঢ় সমর্থনের জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এ সময় অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক আব্দুল জাব্বার চৌধুরী ও গোলাম আউলিয়া, কনসালটেন্ট এন্বাসেডর নাজিমুল্লাহ চৌধুরী, এক্সিকিউটিভ ডিরেক্টর আবু হানিফ খান এবং ডিএমডিদের মধ্যে সৈয়দ নওশের আলী, শাহ আলম, শামসুদ্দিন চৌধুরী ও কোম্পানী সেক্রেটারী মোহাম্মদ আকরাম হোসেন উপস্থিত ছিলেন।

(মোঃ জাকারিয়া রহমান)  
হেড অব মিডিয়া কমিউনিকেশন  
মোবাইলঃ ০১৭৮১৯১৩৩১৭

(মোঃ তারেক উদ্দিন)  
এসভিপি, হেড অব মার্কেটিং এবং জনসংযোগ  
মোবাইলঃ ০১৭৩০৩১১৬৭

**The Premier Bank Limited**

**Head Office:** Iqbal Centre (4<sup>th</sup> Floor), 42 Kemal Ataturk Avenue, Banani, Dhaka-1213, Bangladesh Tel: +88 02 9820844-8, Fax: +88 02 9820849, 9820808, SWIFT: PRMRBDDH, Email: info@premierbankltd.com, Website: www.premierbankltd.com